

# জাৰি শিক্ষার্থীদেৰ আন্দোলন ৭২ ঘণ্টাৰ জন্য স্থগিত

অনলাইন ডেস্ক

প্রকাশ: ১৭ মে, ২০২৬ ২১:৩৪

---

---



সংগৃহীত ছবি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে (জাবি) শিক্ষার্থীকে ধর্ষণচেষ্টার ঘটনায় চলমান আন্দোলন ৭২ ঘণ্টার আলটিমেটাম দিয়ে স্থগিত করেছেন শিক্ষার্থীরা। রবিবার (১৭ মে) সন্ধ্যা ৬টার দিকে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. কামরুল আহসানের আশ্বাসে প্রশাসনিক ভবনের গেটের তালা খুলে দেন তারা।

## আরো পড়ুন



কুবির রেজিস্ট্রারের দায়িত্বে নুরুল করিম  
চৌধুরী

এর আগে উপাচার্য প্রশাসনিক ভবনের আন্দোলনরত নারী শিক্ষার্থীদের সঙ্গে দেখা করেন। এ সময় তিনি চলমান আন্দোলনকে যৌক্তিক বলে আখ্যা দিয়ে শিক্ষার্থীদের আন্দোলনের সঙ্গে একাত্মতা ঘোষণা করেন। এ সময় তিনি শিক্ষার্থীদের আন্দোলনের জন্য প্রশাসনের পক্ষ থেকে কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানান।

শিক্ষার্থীদের উদ্দেশে উপাচার্য অধ্যাপক ড. কামরুল আহসান বলেন, ‘অভিযুক্ত ব্যক্তিকে গ্রেপ্তারের প্রথম থেকে প্রশাসন গুরুত্বের সঙ্গে কাজ করছে।

এ বিষয়ে সরকারপ্রধান আইজিপিকে নির্দেশনা দিয়েছেন দুষ্কৃতকারীকে অতি দ্রুত আইনের আওতায় নিয়ে আসতে। আশা করছি, অতি দ্রুত অপরাধী গ্রেপ্তার হবে এবং তাকে আইনের আওতায় এনে শাস্তি প্রদান করা হবে।’

এ সময় উপস্থিত গণমাধ্যমকর্মীদের জাবি উপাচার্য বলেন, ‘আন্দোলনকারী শিক্ষার্থীদের অবহিত করেছি এবং তাদের আশ্বাস প্রদান করেছি অচিরেই আমরা একটা ইতিবাচক ফলাফল পাব।’

## আরো পড়ুন



কলকাতায় বিক্ষোভ, ছত্রভঙ্গে পুলিশের অ্যাকশন

এ ছাড়া প্রশাসনের নানা সীমাবদ্ধতার কারণে দায়িত্ব পালনে দুর্বলতার কথা স্বীকার করে নিয়েছে প্রশাসন।

শিক্ষার্থীদের ইতিবাচক আন্দোলন ও দাবির প্রতি সমর্থন জানিয়ে প্রয়োজনে ক্যাম্পাসের বন্ধের ভেতরেও তদন্ত কাজ চলমান রাখব। গ্রীষ্মকালীন ও ঈদের ছুটি একসঙ্গে ২১ মে থেকে শুরু হতে যাচ্ছে তাই তদন্ত কমিটিকে সাত কর্মদিবসের পরিবর্তে সাত দিনের মধ্যে তদন্ত শেষ করার নির্দেশনা দেওয়া হয়েছে।

উপাচার্য আরো বলেন, যারা দায়িত্বে অবহেলা করেছে তাদের যথাযথ শাস্তি প্রদান করা হবে এবং সেই দুষ্টকারীকে গ্রেপ্তারে প্রশাসনের পক্ষ থেকে যা যা করার সবকিছু করা হবে। আন্দোলনকারী শিক্ষার্থীদের তিন দিনের দাবিকে

সম্মান জানিয়ে তিন দিনের মধ্যে ব্যবস্থা নেওয়ার চেষ্টা করা হবে, তবে পূর্বঘোষিত সাত দিনের সময় ঠিক থাকবে।

এর আগে গত মঙ্গলবার (১২ মে) রাত ১১টার দিকে বিশ্ববিদ্যালয়ের পরিত্যক্ত ফজিলাতুন্নেছা হলসংলগ্ন সড়ক থেকে টেনেহাঁচড়ে এক ছাত্রীকে অন্ধকারে নিয়ে ধর্ষণচেষ্টার অভিযোগ ওঠে।

এ ঘটনায় একজনকে অজ্ঞাতপরিচয় আসামি করে আশুলিয়া থানায় মামলা করে প্রশাসন। ঘটনার পাঁচ দিন পার হলেও এখনো ধরাছোঁয়ার বাইরে আসামি।